# কেপিটেল রেডিনেস চেকলিস্ট

## ব্যবসাসেবাদানকারী সংস্থাসমূহের জন্য একটি মূল্যায়ন সরঞ্জাম

NEI | Neighborhood Business Initiative | Michigan Community Resources

## 5 C's of Credit (ক্রেডিট-এর পাঁচটি মৌলিক স্তম্ভ)

ক্রেডিট-এর পাঁচটি মৌলিক স্তম্ভের উপাদানগুলোর মাধ্যমে বুঝা যায় কীভাবে ঋণদাতারা সম্ভাব্য ঋণগ্রহীতাদের ঋণ পাবার বিষয়টি মূল্যায়ন করেন।

**CAPACITY (সক্ষমতা)** ঋণ পরিশোধ করার সক্ষমতা হলো ক্রেডিট-এর পাঁচটি মৌলিক স্তম্ভের মধ্যে অন্যতম। নগদ অর্থ হলো ঋণ পরিশোধের প্রধান মাধ্যম। ঋণদাতারা জানতে চান ঠিক কোন উপায়ে আপনি ঋণ পরিশোধ করতে চান এবং সে জন্য তারা ব্যবসা থেকে নগদ প্রবাহ, ঋণ পরিশোধের নির্ধারিত সময়কাল, এবং সকল ঋণ পরিশোধের সফল সম্ভাবনা ইত্যাদি বিষয়সমূহ বিবেচনা করে থাকেন। বিদ্যমান ব্যক্তিগত বা বাণিজ্যিক ঋণ পরিশোধের ইতিহাস ভবিষ্যতে ঋণ পরিশোধের একটি সূচক বলে মনে করা হয়।

**CAPITAL (মূলধন)** হলো যে নিজ অর্থ আপনি ব্যবসায় নিয়োগ করবেন, এবং ব্যবসা ব্যর্থ হলে আপনার কতটা অর্থ ঝুঁকি থাকে এটা তার ইঙ্গিত বহনে করে। আগ্রহী ঋণদাতা ও বিনিয়োগকারীরা এটা প্রত্যাশা করেন যে, তাদের কাছ থেকে অর্থ ঋণ গ্রহনের পূর্বে আপনি আপনার নিজের সম্পদ থেকে কতটুকু অবদান রেখে এবং ব্যক্তিগত আর্থিক ঝুঁকি নিয়ে ব্যবসা প্রতিষ্ঠিত করবেন।

**CHARACTER (স্বভাব)** আপনার ব্যক্তিগত সাধারন আচরন যা সম্ভাব্য ঋণদাতা বা বিনিয়োগকারীর উপর প্রভাব ফেলে। এই ব্যক্তিগত আচরনের উপর ভিত্তি করে আপনি ঋণ পরিশোধের জন্য যথেষ্ট পরিমাণে বিশ্বাসযোগ্য কি না অথবা আপনার ব্যবসা প্রতিষ্ঠানে বিনিয়োগকৃত অর্থ ফেরত পাবার সম্ভাবনা কতটুকু তার উপর ঋণদাতা আপনার ব্যপারে একটি বাস্তবিক মতামত গঠন করেন। এছাড়াও, আপনার শিক্ষাগত যোগ্যতা, রেফারেন্সের গুনাবলী , এবং আপনার ব্যবসা ও উক্ত ব্যবসা শিল্প ক্ষেত্রে আপনার অভিজ্ঞতা এক্ষেত্রে বিবেচনা করা হবে।

**COLLATERAL (জামিন)** হলো আপনার ঋণ এর বিপরীতে আপনি অতিরিক্ত নিরাপত্তাস্বরুপ যা যা জামিনপত্র ঋণদাতাকে প্রদান করবেন। একজন ঋণদাতাকে জামিন প্রদান মানে হলো আপনি আপনার নিজের একটি সম্পত্তি, যেমন আপনার বাড়ি অঙ্গীকারনামা হিসাবে চুক্তি করে দেয়া যা প্রমাণ করে আপনি যদি ঋণকৃত অর্থ পরিশোধ করতে না পারেন তবে উক্ত ব্যক্তিগত সম্পত্তি ঋণ পরিশোধের উৎস হবে।

**CONDITIONS (পরিস্থিতি)** ঋণ গ্রহনের উদ্দেশ্য বর্ণনা করে। ঋণকৃত অর্থ কি চলতি মূলধন হিসাবে না ব্যবসার জন্য অতিরিক্ত মালামাল বা সরঞ্জামাদি কেনার জন্য। ঋণদাতারা আপনার ব্যবসা-শিল্প ও অন্যান্য ব্যবসা শিল্প এর উপর স্থানীয় অর্থনৈতিক পরিস্থিতি এবং সার্বিক ব্যবসার পরিবেশ বিবেচনা করেন যা আপনার ব্যবসাকে প্রভাবিত করতে পারে।

ভাবিত করতে পারে।

ACCESS — assisting. improving. empowering. · Accounting AidSociety since 1972 · BUILD INSTITUTE · CENTRAL DETROIT CHRISTIAN COMMUNITY DEVELOPMENT · DEGC · Invest Detroit · TechTown Detroit · MWF MichiganWomenForward · OSBORN NEIGHBORHOOD ALLIANCE · AMERICA'S SBDC MICHIGAN · SCORE FOR THE LIFE OF YOUR BUSINESS · SOUTHWEST DETROIT BUSINESS ASSOCIATION · UNIVERSITY OF DETROIT MERCY College of Business Administration Center for Social Entrepreneurship

**ব্যবসা প্রতিষ্ঠানের নাম**

**ব্যবসা প্রতিষ্ঠানের মালিক / আবেদনকারী**

**ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা**

**ব্যবসা শিল্প**

**ব্যবসার বয়স**

**ঋণ পরিমাণ চাহিদা**

**ঋণ গ্রহনের লক্ষ্য / উদ্দেশ্য**

### চেকলিস্ট যেভাবে ব্যবহার করা যাবে

এই কেপিটেল রেডিনেস চেকলিস্ট টি ব্যবসা সেবাদাকারী সংস্থাগুলোর জন্য ছোট ব্যবসায়ীদের সেবা প্রদান মূল্যায়নের মাপকাঠি। এই চেকলিস্ট এর মধ্যে কিছু সাধারন মৌলিক মানদণ্ড রয়েছে যা একটি ছোট ব্যবসায় থাকা প্রয়োজন এবং ঋণদাতা তাদের ঋণ দেওয়ার আগে তা দেখে বিবেচনা করবেন।

ব্যবসা প্রতিষ্ঠানের মালিক ব্যবসা সেবাদানকারী সংস্থাগুলো থেকে চেকলিস্টের একটি অনুলিপি পাবার পর তা অন্যান্য ব্যবসা সেবাদানকারী সংস্থা ও ঋণদাতাদের সাথে যোগাযোগ করার সময় এটি ব্যবহার করতে পারেন। ছোট ব্যবসায়ীর দ্বারা চেকলিস্টে উল্লেখিত তথ্যের ভিত্তিতে সেবাদানকারী সংস্থাগুলো তাদের পরবর্তী পদক্ষেপ সম্পর্কে সুপারিশ এবং রেফারেল দিতে পারেন।

এই চেকলিস্ট সেবাদানকারী সংস্থাগুলোকে ছোট ব্যবসায়ীদের ঋন গ্রহনের আবেদনপত্র প্রস্তুত করতে এবং উপযুক্ত ঋণদাতাদের কাছে রেফার করতে সাহায্য করবে। এই চেকলিস্ট টি পৃথক পৃথক ঋণদাতাদের ঋণ প্রদানের অন্তর্নিহিত মানদণ্ডকে প্রতিস্থাপন করার উদ্দেশ্যে করা হয় নি।

এই চেকলিস্ট পূরণ করলেই ব্যবসার মালিককে ব্যবসার জন্য ঋণ পাবার গ্যারান্টি প্রদান করেনা। যাইহোক, উক্ত চেকলিস্ট পূরণ করলে ছোট ব্যবসার মালিকদের তাদের ঋণ পাবার নিজস্ব প্রস্তুতির মূল্যায়ন করতে এবং তাদের ব্যবসা পরিকল্পনার উপাদান শক্তিশালীকরণে সাহায্য করবে।

# কেপিটেল রেডিনেস চেকলিস্ট

**ব্যবসা সেবা সংস্থাগুলোর জন্য নির্দেশাবলী**

ব্যবসায়ী যে সব বিবৃতির সাথে একমত পোষণ করেন সেই বাক্সটি চেক মার্ক করুন। ব্যক্তিগত বিভাগের জন্য প্রযোজ্য বাক্সটি চেক মার্ক করুন। প্রতিটি বিভাগের জন্য ব্যবসার মালিকের পরবর্তী পদক্ষেপগুলির সাথে পর্যালোচনাকারীর সুপারিশ / রেফারেল বাক্সটি পূরণ করুন।

*গাঢ় কালিতে লেখা বিবৃতিগুলো একটি সম্পূর্ণ এবং সঠিক ব্যবসায়িক পরিকল্পনার উপাদান।*

## অবস্থান..........[পর্যালোচনাকারীর সুপারিশ/রেফারেল]

- ❑ আমি একটি নির্দিষ্ট উদ্দেশ্যে অর্থায়ন অনুরোধ করছি।
- ❑ আমার ব্যবসার বিক্রয় কাগজপত্র রয়েছে।
- ❑ আমার আনুমানিক একটি হিসাব আছে আমার ব্যবসা শুরু (বা প্রসারিত) করতে কত খরচ হবে
- ❑ আমার এই ব্যবসা শিল্পে বা ব্যবসা পরিচালনার অভিজ্ঞতা আছে।
- ❑ আমি এই ব্যবসায় আমার নিজের টাকা বিনিয়োগ করেছি।

## ব্যক্তিগত তথ্য..........[পর্যালোচনাকারীর সুপারিশ/রেফারেল]

- ❑ আমি আমার ক্রেডিট স্কোর জানি।
- ❑ আমি আমার ব্যক্তিগত সম্পদ এবং দায় বুঝতে পারি।
- ❑ আমার ব্যক্তিগত ট্যাক্স প্রদান হালনাগাদ আছে।
- ❑ আমি আমার পরিবারের মাসিক মোট আয় এবং ব্যয় সম্বন্ধে জানি।
- ❑ আমি বিগত ৭ বছরের মধ্যে দেউলিয়া আবেদন দায়ের করেছি।
- ❑ আমি বাণিজ্যিক বা ব্যক্তিগত সম্পত্তি বা অন্যান্য জামিনপত্রের মালিক।
- ❑ আমি আমার মার্কিন নাগরিকত্ব বা অভিবাসন অবস্থা জানি।
- ❑ আমার একটি ইন্ডিভিজুয়াল ট্যাক্সপেইয়ার আইডেন্টিফিকেশন নাম্বার (ITIN) আছে।
- ❑ আমাকে একজন অপরাধী বলে দোষী সাব্যস্ত করা হয়েছে।
- ❑ আমি অন্যের কাছ থেকে নেয়া ঋণ, দায়, বাচ্চার সমর্থন, বা কারো ভারপোষনের অর্থ প্রদান করতে বাধ্য।
- ❑ আমি অন্যের কাছ থেকে নেয়া ঋণ, দায়, বাচ্চার সমর্থন, বা কারো ভারপোষনের অর্থ প্রদান করায় হালনাগাদ আছি।

## বিপণন ও পরিচালনা..........[পর্যালোচনাকারীর সুপারিশ/রেফারেল]

- ❑ আমার একটি লিখিত ব্যবসা পরিকল্পনা আছে।
- ❑ আমি জানি আমার কোন পণ্য ও পরিষেবাগুলি সবচেয়ে বেশি লাভজনক, এবং যা কম লাভজনক।
- ❑ আমি আমার গ্রাহকদের বুঝতে পারি এবং আমার আদর্শ ক্রেতাদের জানি।
- ❑ আমার ব্যবসার বীমা করা আছে।
- ❑ আমার বিপণনের জন্য একটি কৌশল বা পরিকল্পনা আছে।
- ❑ আমার শ্রমিকদের ক্ষতিপূরণ বীমা করা আছে।

## নগদ অর্থ প্রবাহ..........[পর্যালোচনাকারীর সুপারিশ/রেফারেল]

- ❑ আমি সময়মত আমার বিলসমূহ পরিশোধ করতে পারি।
- ❑ আমি একটি বাজেট দ্বারা আমার ঋণসমূহ ব্যবহার করি।
- ❑ আমার বর্তমান নগদ অর্থ প্রবাহ আমার ঋণ পরিশোধ করতে যথেষ্ট।

## হিসাবরক্ষণ..........[পর্যালোচনাকারীর সুপারিশ/রেফারেল]

- ❑ আমার একটি সঠিক আর্থিক বিবৃতি যেমন হিসাব-নিকাশ পত্র এবং আয় বিবৃতি আছে।
- ❑ আমার কাছে একজন সিপিএ, হিসাবরক্ষণকারী বা একটি অ্যাকাউন্টিং সিস্টেম আছে।
- ❑ আমার একটি বিজনেস একাউন্ট আছে।
- ❑ আমার ব্যবসার সম্পদ এবং দায়গুলির একটি তালিকা আছে।

## আইনগত বিষয়..........[পর্যালোচনাকারীর সুপারিশ/রেফারেল]

- ❑ আমি একটি এলএলসি, এলএলপি, এল থ্রি সি, কর্পোরেশন, বা অন্যান্য আইনি কাঠামোর অন্তর্ভুক্ত।
- ❑ আমার কাছে আমার কোম্পানির আইনি গঠন নথি ও পরিচালনা চুক্তি আছে।
- ❑ আমার একটি বিক্রয় কর অনুমতিপত্র আছে।
- ❑ আমার ব্যবসা একটি নিয়ন্ত্রিত ব্যবসা শিল্পের অন্তর্ভুক্ত।
- ❑ আমার ব্যবসা পরিচালনার জন্য প্রয়োজনীয় যাবতীয় অনুমতিপত্রসমূহ রয়েছে।
- ❑ আমার আইনি সহায়তা পাবার ব্যবস্থা আছে।
- ❑ আমার একটি এমপ্লয়ার আইডেন্টিফিকেশন নাম্বার (EIN) আছে।
- ❑ আমার একটি ডাটা ইউনিভারসাল নাম্বারিং সিস্টেম (DUNS) নম্বর আছে।

## ট্যাক্স/কর বিষয়..........[পর্যালোচনাকারীর সুপারিশ/রেফারেল]

- ❑ আমি আমার বেতন প্রদান বাবদ কর দানে হালনাগাদ আছি।
- ❑ আমি আমার বিক্রয় কর প্রদানে হালনাগাদ আছি।
- ❑ আমার বর্তমান এবং পূর্ববর্তী বছরের কর আদায় হালনাগাদ আছে।
- ❑ আমি আমার ট্যাক্স/করের দায় জানি।
- ❑ আমি ইন্টারনেল রেভিনিউ সার্ভিস (IRS) এর সাথে একটি অর্থ পরিশোধ পরিকল্পনার অধীন আছি।

# কেপিটেল রেডিনেস চেকলিস্ট সাধারণ পরিভাষাগুলোর শব্দকোষ

## অবস্থান

- **(ফাইনান্সিং) অর্থায়ন যোগান** হচ্ছে সে তহবিলগুলো যা ব্যবসার যাবতীয় কার্যক্রমে, কেনাকাটায় বা বিনিয়োগে ব্যবহৃত হয় এবং তা ক্রেডিটের দ্বারা অর্জিত হয় ও পরিশোধ করা আবশ্যকীয়
- **(ইন্ডাস্ট্রি) ব্যবসা শিল্প** একটি শ্রেণিবিন্যাস যা তাদের ব্যবসার প্রাথমিক কার্যক্রমের ভিত্তিতে সম্পর্কিত সংস্থাগুলির গোষ্ঠীকে বোঝায়
- **(রেকরডেড সেলস) বিক্রয় নথি** হচ্ছে ব্যবসার যাবতীয় কার্যক্রম পরিচালনার কাগজপত্র

## ব্যক্তিগত তথ্য

- **(এলিমনি) ভরণপোষণ বিমা** হলো এমন একটি বীমা যা তালাকের পর এক প্রাক্তন স্বামী বা স্ত্রী একজনের কাছ থেকে অন্যের জন্য আইনগতভাবে তৈরি করতে হয়
- **(ব্যাংক্রাপ্টসি) ঋণখেলাপী** হলো একটি আইনী হাতিয়ার যা একজন ব্যক্তি বা একটি ব্যবসা প্রতিষ্ঠান তাদের ঋণগুলি ক্ষমা করতে বা পুনঃস্থাপন করতে ব্যবহার করতে পারে যা তারা ফেরত দিতে অক্ষম
- **(কমারশিয়াল প্রপারটিজ) বানিজ্যিক সম্পত্তি** হচ্ছে আবাসন যা ব্যবসার কার্যক্রম যেমন দোকান, উৎপাদন স্থল, গুদাম হিসাবে ব্যবহার করা হয়
- **(ক্রেডিট স্কোর) ক্রেডিট ইতিহাসের** উপর ভিত্তি করে একজন ব্যক্তির ঋণ পাবার যোগ্যতা মূল্যায়ন করা হয়
- **(গারনিসমেন্ট) অর্থ দায়** একটি আইনী প্রক্রিয়া যার মাধ্যমে একজন ব্যক্তির দ্বারা আনীত ঋণ একটি তৃতীয়পক্ষের মাধ্যমে ঋণের অর্থ সরাসরি ঋণদাতাকে প্রদান করা হয়
- **(হাউসহোল্ড ইনকাম) বাড়ির যৌথ আয়** হলো একটি বাড়িতে বসবাসরত পরিবারের সকল সদস্যদের যৌথ আয়
- **(লিয়েন) পূর্বস্বত্ব** হলো গ্রহীত দেনা পরিশোধ না হওয়া পর্যন্ত ঋণগ্রহীতার সম্পত্তির উপর একজন ঋণদাতার বৈধ দাবি
- **(পারসোনাল এসেটস) ব্যক্তিগত সম্পদ** হলো নগদ এবং আর্থিক মূল্য আছে সেসব জিনিসপত্র যা একজন ব্যক্তির মালিকানাধীন এবং তা ব্যবসার অন্তর্ভুক্ত সম্পদ নয়
- **(পারসোনাল লায়াবিলিটিস) ব্যক্তিগত দায়বদ্ধতা** কোনও ব্যক্তির এমন দায়, যা ঋণ বা অন্যান্য দায়বদ্ধতা বুঝায়, যেমন বাড়ী বন্ধকী ঋণ বা ব্যক্তিগত গাড়ির ঋণ
- **(পারসোনাল প্রপারটি) ব্যক্তিগত সম্পত্তি** হলো আবাসন সম্পত্তি ব্যতীত অন্য সম্পত্তি যা একজন ব্যক্তির মালিকানাধীন

## বিপণন ও পরিচালনা

- **(বিজনেস ইনস্যুরেন্স) ব্যবসার বীমা** ব্যবসায় স্বাভাবিকভাবে ঘটতে পারে এমন ঘটনাগুলির কারণে ক্ষতি থেকে ব্যবসাগুলোকে রক্ষা করে
- **(বিজনেস প্ল্যান) ব্যবসার পরিকল্পনা** একটি লিখিত নথি যা বিস্তারিতভাবে বর্ণনা করে যে কীভাবে একটি ব্যবসা তার লক্ষ্য অর্জন করবে
- **(কাস্টমার বেস) ক্রেতা নির্ভরতা** হলো একটি কোম্পানির ব্যবসা এবং লক্ষ্য বাজারের প্রাথমিক উৎস
- **(ডি ইউ এন এস নাম্বার) ডান্স নম্বর** বা ডাটা ইউনিভার্সাল নাম্বারিং সিস্টেম হলো একটি নয়-সংখ্যার নম্বর যা অনন্যভাবে একটি ব্যবসাকে চিহ্নিত করে এবং এটি ব্যবসার জন্য ক্রেডিট রিপোর্টিংয়ের একটি পদ্ধতি
- **(ই আই এন) এমপ্লয়ার আইডেন্টিফিকেশন নাম্বার** হলো একটি অনন্য শনাক্তকরণ নম্বর যা একটি ব্যবসায়িক সত্তা হিসাবে নির্ধারিত হয় যা সহজেই অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবা বা আই আর এস দ্বারা চিহ্নিত করা যেতে পারে
- **(মার্কেটিং প্ল্যান) বিপণন পরিকল্পনা** হলো লক্ষিত বাজারে পৌঁছাতে পরিকল্পিত বিজ্ঞাপন প্রচার
- **(মার্কেটিং স্ট্রাটেজী) বিপণন কৌশল** হলো মানুষের কাছে পৌঁছানোর এবং কোনও পণ্য বা পরিষেবাদির জন্য তাদের গ্রাহকে রূপান্তর করার একটি পরিকল্পনা
- **(প্রফিটেবিলিটি) লাভজনকতা** হয় তখন যখন ব্যবসার আয়, ব্যয়ের চেয়ে বেশি হয়
- **(ওয়ারকার্স কম্পেন্সেশন ইনস্যুরেন্স) শ্রমিকদের ক্ষতিপূরণ বীমা** সরকারীভাবে জামিনকৃত গঠন পদ্ধতি যা শ্রমিকদের অর্থ প্রদান করে যদি তারা কর্মরত অবস্থায় আহত বা নিষ্ক্রিয় হয়ে যান

## নগদ অর্থ প্রবাহ

- **(লোন) ঋণ** হলো সুদ বা অন্যান্য আর্থিক মূল্যসহ মূল ঋণকৃত অর্থের পরিমাণ ভবিষ্যতে পরিশোধের বিনিময়ে অন্যপক্ষ্যকে অর্থ, সম্পত্তি বা অন্যান্য উপাদান সরবরাহ করা

## হিসাবরক্ষণ

- **(ব্যলেন্স শীট) হিসাব-নিকাশ পত্র** একটি কোম্পানির আর্থিক অবস্থার স্ন্যাপশট যা সম্পদ, দায় এবং মালিকদের ন্যায় অন্তর্ভুক্ত করে
- **(বুককিপার/সি পি এ) হিসাবরক্ষক বা সার্টিফাইড পাবলিক অ্যাকাউন্টেন্ট** হলো একজন ব্যক্তি যিনি ব্যবসায়ের আয় এবং ব্যয়ের হিসাব করেন; একজন সিপিএ আরও জটিল হিসাবরক্ষণের কর্তব্য সঞ্চালন করতে পারেণ
- **(বুককিপিং সিস্টেম/একাউন্টিং সিস্টেম) হিসাবরক্ষণ পদ্ধতি** হলো ব্যবসা দ্বারা ব্যবহৃত একটি পদ্ধতি যা ব্যবসার আর্থিক তথ্য সংগ্রহ, সঞ্চয়, পরিচালনা, প্রক্রিয়া, পুনরুদ্ধার, এবং লিপিবদ্ধ করে
- **(বাজেট)** হলো একটি নির্দিষ্ট ভবিষ্যতের সময়ের উপর রাজস্ব এবং খরচ অনুমান করা
- **(বিজনেস এসেটস) ব্যবসায়িক সংস্থানসমূহ** হলো কোনও সংস্থার মালিকানাধীন সম্পত্তি, যেমন, যানবাহন, আবাসন এবং কম্পিউটার সিস্টেমসমূহ
- **(বিজনেস লায়াবিলিটিস) ব্যবসায়িক দায়সমূহ** হলো ব্যবসার নামে নেয়া আর্থিক ঋণ বা দায়, যেমন অর্থের ঋণ, বন্ধকী, গাড়ি ঋণ, এবং অন্যান্য ঋণ
- **(ইকুয়িটি) ন্যায়** হলো ব্যবসার জন্য বা মালিকের পক্ষ থেকে যে অর্থ প্রদান করা হয়
- **(এক্সপেনসেস) ব্যয়** হলো ব্যবসায় উপার্জন করার জন্য পরিচালনার করতে যে খরচ হয়
- **(ফাইনান্সিয়াল স্টেটমেন্ট) আর্থিক বিবৃত্তিগুলো** হলো একটি কাঠামোগত প্রতিবেদন যা একটি ব্যবসায়ের আর্থিক স্বাস্থ্যকে প্রতিফলিত করতে ব্যবহৃত হয় যাতে অন্তর্ভুক্ত থাকে আয়ের বিবৃতি,হিসান-নিকাশ পত্র, এবং নিয়মিত ধরে রাখা আয় এবং নগদ প্রবাহের বিবৃতি
- **(ইনকাম স্টেটমেন্ট) আয়ের বিবৃতি** হলো একটি আর্থিক বিবৃতি যাতে অন্তর্ভুক্ত থাকে আয়, রাজস্ব ও খরচ, যা একটি ব্যবসায়ের একটি নির্দিষ্ট অ্যাকাউন্টিং সময়ের উপর আর্থিক কর্মক্ষমতার প্রতিবেদন করে

## আইনগত বিষয়

- **(কর্পোরেশন)** হচ্ছে একটি আইনি সত্তা যা তার মালিকদের থেকে পৃথক এবং স্বতন্ত্র
- **(ইনকর্পোরেটেড লিগেল স্টাকচার)** হচ্ছে একটি ব্যবসায়ী শ্রেনীবিভাগ কাঠামো যা কর বিবরণী পেশ করার উপর নির্ভর করে যার মধ্যে অন্তর্ভুক্ত থাকে এল এল সি, পি এল সি, এল থ্রি সি, এবং কর্পোরেশন
- **(লিগেল ফরমেশন ডকুমেন্ট) আইনি গঠনতন্ত্র নথি** হচ্ছে সে সকল কাগজপত্র যার উপর ভিত্তি করে একটি ব্যবসা রাষ্ট্র এবং আইআরএস এর সঙ্গে গঠনে দায়ের করা হয় এবং তা একটি ব্যবসাকে আইনি কাঠামো এবং বৈধতা প্রদান করে
- **(এল এল সি) লিমিটেড লায়াবিলিটি কোম্পানি** হচ্ছে একটি কর্পোরেট আইনি কাঠামো যার মাধ্যমে কোম্পানির সদস্যগন কোম্পানির ঋণ বা দায়ের জন্য ব্যক্তিগতভাবে দায়বদ্ধ হতে পারেন না
- **(এল এল পি) লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ** হচ্ছে একটি কর্পোরেট আইনি কাঠামো যার মাধ্যমে কোম্পানির সদস্যরা ব্যক্তিগতভাবে দায়বদ্ধ হবেন না, একাধিক অংশীদার থাকতে হবে, এবং নির্দিষ্ট করের সংশ্লিষ্ঠতা আছে
- **(এল থ্রি সি) লো প্রফিট লিমিটেড লায়াবিলিটি কোম্পানি** হচ্ছে একটি লাভজনক, সামাজিক উদ্যোগে গঠিত প্রতিষ্ঠান যার একটি নির্দিষ্ট লক্ষ্য হলো আয় বৃদ্ধি না করে সামাজিকভাবে উপকার সম্পাদন করা
- **(অপারেটিং এগ্রিমেন্ট) পরিচালনা চুক্তিসমূহ** হচ্ছে একটি ব্যবসায়িক চুক্তি যা একটি সংস্থার ক্রিয়াকলাপ এবং এর সাথে যুক্ত মানুষগুলোর দায়িত্ব বর্ণনা করে
- **(রেগুলেটেড ইন্ডাস্ট্রি) নিয়ন্ত্রিত ব্যবসা শিল্প** হচ্ছে সরকারী নিয়ম দ্বারা নিয়ন্ত্রিত এক ধরনের ব্যবসা শিল্প

## ট্যাক্স/কর বিষয়

- **(পেমেন্ট প্ল্যান) অর্থ পরিশোধ পরিকল্পনা** হলো বকেয়া করসহ ঋণের অর্থ পরিশোধের জন্য একটি পরিকল্পনা
- **(প্যারোল ট্যাক্স) কর্মী কর** হলো সে কর যা একটি নিয়োগকর্তা তার কর্মীদের থেকে রেখে তাদের পক্ষে প্রদান করেন
- **(সেলস ট্যাক্স লাইসেন্স) বিক্রয় কর অনুমতিপত্র** হলো মিশিগান রাষ্ট্রে দ্বারা প্রাপ্ত একটি নথি যা স্পর্শনীয় পণ্য বিক্রেতাদের নিতে হবে
- **(ট্যাক্স ফাইলিংস) কর ফাইল করা** হলো বার্ষিক আয় এবং ব্যয় লিপিবদ্ধ করতে ব্যবহৃত ফর্ম সংগ্রহ করে সরকারি সংস্থাসমূহকে জমা দেওয়া
- **(ট্যাক্স লায়াবিলিটি) কর দায়বদ্ধতা** হলো এমন করের পরিমাণ যা বর্তমান কর আইনগুলোর উপর ভিত্তি করে একটি ব্যবসা বা ব্যক্তির উপর বর্তায়

# লেখকদের সম্পর্কে কিছুকথা

নেইবারহুড বিজনেস ইনিশিয়েটিভ এর গ্যাপ্স (GAPS) কমিটি মিশিগান কমিউনিটি রিসোর্সেস এর সাথে কাজ করে নিউ ইকোনোমি ইনিশিয়েটিভ এর সাহায্যে এই বইটি তৈরী করেছে।

**এন বি আই গ্যাপ্স কমিটি** ডেট্রয়েট এর উদ্যোক্তা ইকোসিস্টেম (বাস্তু) এর উপর আলোকপাত করতে নিউ ইকোনোমি ইনিশিয়েটিভ এর উদ্যোগে গঠিত হয়েছিল। কমিটির সদস্যগন বিভিন্ন ব্যবসা সেবা সংস্থার প্রতিনিধিত্ব করেন যা ডেট্রয়ট এর বিভিন্ন এলাকায় উদ্যোক্তাদের সমর্থন করে। এই কমিটি একটি একত্রিতভাবে একটি লক্ষ্যে দৃষ্টিপাত করেন, যা এই কাজকে অগ্রসর করেঃ "ঋণ গ্রহনে আগ্রহী সবাই যাতে এটা বুঝতে পারে কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখতে হয় এবং কিভাবে ঋণ নিতে নিজেকে তৈরী করতে হয়। ঋণদাতারা ঋণ আবেদনকারী সবাইকে সুষ্ঠ ও সমানভাবে বিচার করেন।"

**মিশিগান কমিউনিটি রিসোর্সেস** একটি রাষ্ট্রীয় অলাভজনক সংস্থা, যা চায় সুদৃঢ় সংগঠন, শক্তিশালী নেতা, এবং একটি শক্তিশালী অলাভজনক সংস্থাদের নেটওয়ার্ক এর মাধ্যমে শক্তিশালী সম্প্রদায় নির্মাণ করতে। ১৯৯৮ সাল থেকে, মিশিগান কমিউনিটি রিসোর্সেস অলাভজনক সংস্থাগুলোকে সম্পদ, প্রশিক্ষণ, এবং পরামর্শ দিয়ে সাহায্য করে যাচ্ছে যাতে তারা স্বল্প আয়ের সম্প্রদায়গুলোকে সর্বোচ্চমানের সেবাদান করতে পারে।

**নিউ ইকোনমি ইনিশিয়েটিভ** হল জনসাধারণের সহযোগিতায় নিয়োজিত একটি সংস্থা, যা দক্ষিণ পূর্ব মিশিগানে সকল ধরনের উদ্যোক্তা সমেত সংস্কৃতি গড়ে তোলায় কাজ করে যাতে সব অধিবাসীদের মুনাফা হয় এবং আঞ্চলিক অর্থনীতি শক্তিশালী হয়। কমিউনিটি ফাউন্ডেশন অফ সাউথ ইস্ট মিশিগান এর একটি বিশেষ প্রকল্প, এন ই আই (NEI) একটি কৌশলগত অনুদান সৃষ্টিকারী, আহ্বায়ক, এবং গল্পকাহিনী কথক হিসেবে কাজ করে যা বিচিত্র উদ্যোক্তাদের জন্য সমর্থনকারী একটি নেটওয়ার্ক নির্মাণ ও বজায় রাখতে প্রচেষ্টা চালায় যাতে করে তাদের সম্প্রদায়ের জন্য একটি ভাল ভবিষ্যত তৈরি হতে পারে। আরও বিস্তারিত জানতে ভিজিট করুন **neweconomyinitiative.org.**

এই কাজটি Creative Commons Attribution দ্বারা অনুমতিপ্রাপ্তঃ
ShareAlike 4.0 International License. এই অনুমতিপত্রের কপি দেখতে ভিজিট করুন-
http://creativecommons.org/licenses/by-sa/4.0/.

আপনি যদি এই কাজের সাথে মানানসই বা এর পুনরুৎপাদন করেন তবে আমাদের জানান এই ইমেইলে- info@mi-community.org.

NEI Neighborhood Business Initiative | MICHIGAN COMMUNITY RESOURCES

© ২০১৮ মিশিগান কমিউনিটি রিসোর্সেস